**পল্লী সঞ্চয় ব্যাংক**
(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
**প্রধান কার্যালয়**
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং- পসব্য/প্রকা/পরি-৫৯/২০২৩-২০২৪/৮৯৫ তারিখঃ ১৩/০৩/২০২৪ খ্রি.

# সভার নোটিশ

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর অনুচ্ছেদ নং ২.১ অনুযায়ী পল্লী সঞ্চয় ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়ন বিষয়ে ব্যাংকের প্রধান কার্যালয় এবং জেলা (আঞ্চলিক) কার্যালয় ও শাখা কার্যালয়ের জেলার কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মো: আলা উদ্দিন, মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক মহোদয়। বর্ণিত সভা আগামী ১৪/০৩/২০২৪ তারিখ বৃহস্পতিবার, বিকাল ০৩:০০ ঘটিকায় অনলাইনে জুমের মাধ্যমে ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রধান কার্যালয় এবং জেলা (আঞ্চলিক) কার্যালয় ও শাখা কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণকে যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি:

১. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর ৩য় কোয়ার্টারের রিপোর্ট নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নকল্পে গৃহীত পদক্ষেপসমূহ।
২. ব্যাংকের স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন প্রসঙ্গে।
৩. সমিতি পর্যায়ে উঠান বৈঠক আয়োজন প্রসঙ্গে;
৪. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিতকরণ;
৫. বিবিধ।

জুম মিটিংয়ের আইডি ও পাসওয়ার্ড দিয়ে দেওয়া হলো:
Meeting ID: 819 5416 2398
Passcode: 123456

অনুমোদনক্রমে,

13/03/2024
মোঃ সাজ্জাদ হোসেইন তামিম
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
ও
বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন কমিটি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার (সকল), মহাব্যবস্থাপকগণের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। বিভাগীয় প্রধান, আইসিটি সিস্টেম/ আইসিটি অপারেশন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল)।
৬। শাখা ব্যবস্থাপক (সকল)।
৭। অফিস নথি।

**পল্লী সঞ্চয় ব্যাংক**
(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
**প্রধান কার্যালয়**
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

**পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৪) সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আলা উদ্দিন, মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| সভার তারিখ | : ১৪/০৩/২০২৪ খ্রি., রোজ- বৃহস্পতিবার |
| সময় | : বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুম, ইস্কাটন গার্ডেন, ঢাকা। |

(**সভার উপস্থিতি:** অনলাইনে জুমের মাধ্যমে অনুষ্ঠিত সভার স্ক্রিনশট, পরিশিষ্ট-'ক')

সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্য শুরু করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত মাঠ পর্যায়ের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১) পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থ বছরের সিটিজেনস্ চার্টার আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর নির্দেশনা অনুযায়ী প্রস্তুত করে প্রয়োজনীয় হালনাগাদ করা সহ সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করতে হবে।
২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।
৩) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে জেলা (আঞ্চলিক) কার্যালয় ও শাখা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করতে হবে।
৪) ব্যাংকের আওতাধীন জেলা (আঞ্চলিক) কার্যালয়, শাখা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারী সহ সংশ্লিষ্ট সকলকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে হবে।
৫) ব্যাংকের সিটিজেনস্ চার্টার জেলা (আঞ্চলিক) কার্যালয় ও শাখা কার্যালয়ের প্রবেশমুখে অথবা দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করতে হবে।
৬) জেলা (আঞ্চলিক) ও শাখা কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রদর্শনের জন্য প্রধান কার্যালয় হতে প্রেরিত নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন হয়েছে কি-না তা শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মনিটরিং করতে হবে।
৭) সেবা প্রত্যাশীগণ কর্তৃক কোন অভিযোগ আসলে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে।

১৮/০৩/২০২৪
(মো: আলা উদ্দিন)
মহাব্যবস্থাপক
সভাপতি ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ফোন: ০২-৫৫১৩৮৫৩৮

স্মারক নং- পসব্য/প্রকা/পরি-৫৯/২০২৩-২০২৪/৮৯৬ তারিখঃ ১৮-০৩-২০২৪ খ্রি.

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকগণের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দ।
৫। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা।
৬। নিরীক্ষা দলনেতা (সকল), নিরীক্ষা কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭। শাখা ব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৮। অফিস কপি।

পরিশিষ্ট-‘ক’

পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে ১৪/০৩/২০২৪ তারিখ রোজ- বৃহস্পতিবার বেলা ০৩:০০ ঘটিকায় অনলাইনে জুমের মাধ্যমে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৪) এর সভার স্ক্রীন শট:




